

কক্সবাজারের ই-ভ্রমণ গাইড 'ভ্রমণিকা' অ্যাপ চালু

- A Monitor Desk Report

Date: 11 March, 2025



কক্সবাজার : ভ্রমণপিপাসু পর্যটকদের কক্সবাজার ভ্রমন সহজ, নিরাপদ ও নির্বিঘ্ন করতে কক্সবাজার জেলা প্রশাসনের উদ্যোগে তৈরি করা হয়েছে মোবাইল অ্যাপ 'ভ্রমণিকা'। যা পর্যটকদের জন্য একটি পূর্ণাঙ্গ ই-ভ্রমন গাইড হিসেবে কাজ করবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

সোমবার (১০ মার্চ) দুপুরে এই অ্যাপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী।

দেশের ৬৪ জেলার মধ্যে প্রথম এই ধরনের একটি ভ্রমন নির্দেশিকা মোবাইল অ্যাপ চালু করায় তিনি জেলা প্রশাসনকে ধন্যবাদ জানান।

উদ্বোধন অনুষ্ঠানে জানানো হয়, কক্সবাজারের হোটেল, মোটেল, রিসোর্ট এর তথ্য এই অ্যাপ এ সন্নিবেশিত আছে। একজন পর্যটক কক্সবাজার এর যে স্পট বা যে সৈকতের কাছাকাছি থাকতে চান, সে অনুযায়ী সহজেই হোটেল, মোটেল, রিসোর্ট খুজে নিতে পারবেন। কক্সবাজার ভ্রমণে এসে পর্যটকগণ কোন কোন স্পটে যেতে পারেন, কীভাবে যেতে পারেন, কখন যেতে পারেন, সেখানে কী কী দেখার আছে, কী ধরনের রেস্টুরেন্ট আছে, কী কী রাইড বা একটিভিটি আছে এসব তথ্য পাবেন এই একটি এপেই।

প্রতিটি স্পটের দূরত্ব, গুগল ম্যাপ ডিরেকশান ও প্রয়োজনীয় সতর্কতা নির্দেশনাও দেয়া আছে পর্যটকদের জন্য। পর্যটকদের নিরাপত্তার বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রতিদিনের জোয়ার-ভাটার সময় ও আবহাওয়ার পূর্বাভাস তাৎক্ষণিকভাবে জানার ব্যবস্থা আছে এই অ্যাপে।

পর্যটকদের সচেতনতার জন্য সৈকতের বিপদজনক পয়েন্টের তথ্য দেয়া আছে এখানে। এছাড়া যেকোন জরুরী মুহুর্তে যোগাযোগের জন্য জেলা প্রশাসনের পর্যটন ম্যাজিস্ট্রেট, টুরিষ্ট পুলিশ, ডাক্তার ও বীচ ভলান্টিয়ারদের প্রয়োজনীয় ফোন নম্বর দেয়া আছে এই অ্যাপে। পাশাপাশি লাইফগার্ড সার্ভিস ও এম্বুলেন্স এর ফোন নম্বরও পাওয়া যাচ্ছে সহজেই। এমনকি অ্যাপ থেকে সরাসরি কল করার ব্যবস্থাও আছে।

সৈকত ভ্রমনকালে ঘোড়ায় চড়া, বীচ বাইক রাইড, জেটস্কি রাইড, লকার সার্ভিস, ফটোগ্রাফীসহ যেকোন সেবা কোথায় কখন পাওয়া যাবে সেসব বিস্তারিত তথ্য আছে এই অ্যাপে। এই অ্যাপের ভেতরে সংযুক্ত করা হয়েছে জেলা পুলিশের তৈরি মোবাইল অ্যাপ অনলাইন বাস টার্মিনাল এবং কক্স ক্যাব নামে আরও দুটো অ্যাপ।

জেলা প্রশাসক মোহাম্মদ সালাহউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত সচিব মামুনুর রশীদ ভূঁইয়া, পুলিশ সুপার সাইফুদ্দিন শাহীন, অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক) জসিম উদ্দিন, কক্সবাজার হোটেল-মোটেল গেস্টহাউস মালিক সমিতির সভাপতি আবুল কাশেম সিকদার।

জেলা প্রশাসন সূত্রে জানা যায়, গুগল প্লে স্টোর ও অ্যাপল অ্যাপ স্টোরে 'Vromonika' নামে অ্যাপটি পাওয়া যাচ্ছে এবং ডাউনলোড করে সহজেই ব্যবহার করা যাচ্ছে এটি।

-B